



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/10/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘৃণা অপরাধ ও অভীষ্ট সহিংসতার সম্মুখীন ও সংগঠনসমূহের জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকার ঘোষণা দিলেন

গভর্নর নিউ ইয়র্কের সর্বপ্রথম ইউনিটি সামিটে ঘোষণা দিলেন, বর্ধনশীল ঘৃণার জোয়ার ঠেকাতে সামিট সম্প্রদায়ের গোষ্ঠী, ধর্মীয় নেতৃবৃন্দ, এবং আইন শৃঙ্খলা রক্ষাকারীদের একত্রে এনেছে

ইউনিটি সামিটে এছাড়াও ছিল লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো, সাবেক মার্কিন অ্যাটর্নি জেনারেল লোরেটা লিঞ্চ এবং অন্যান্য স্থানীয় নেতৃবৃন্দের বক্তব্য।

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেন যে ঘৃণা অপরাধ ও ভ্যান্ডালিজমের ঝুঁকিতে থাকা সংগঠনগুলির জন্য আরো 25 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করা হবে। তিনি নিউ ইয়র্কের সর্বপ্রথম ইউনিটি সামিটে (Unity Summit) এই ঘোষণাটি করেন, সামিটটি হলো স্টেটব্যাপী 500 এর বেশি নিউ ইয়র্কবাসীর সম্মেলন যারা সম্প্রদায়ের গোষ্ঠী, ধর্মীয় নেতৃবৃন্দ এবং জননিরাপত্তা বিশেষজ্ঞদের প্রতিনিধিত্ব করে এবং ঘৃণার বর্ধনশীল জোয়ারের মোকাবেলা করতে কীভাবে একত্রিত হওয়া যায় সে ব্যাপারে নিজেদের দৃষ্টিভঙ্গি সম্পর্কে জানায়।

"এই আমাদের জন্য একটি সংজ্ঞায়িত মুহূর্ত, নিউ ইয়র্কের জন্য ঐক্যবদ্ধ হয়ে দাঁড়ানোর এবং আমাদের সম্প্রদায়সমূহে ঘৃণার কোনও স্থান নেই তা স্পষ্ট করার মুহূর্ত," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কের সর্বপ্রথম ইউনিটি সামিট সম্মেলন করে ঘৃণা ও পক্ষপাতের বিরুদ্ধে কাজ করা শীর্ষ বিশেষজ্ঞদের একত্র করতে পেরে আমি গর্বিত। আমরা জানি একত্রে কাজ করে আমরা এই স্টেটকে আরো নিরাপদ এবং সকলের জন্য আরো স্বাগত করতে পারবো।"

"আমরা নিউ ইয়র্কে ঘৃণা নির্মূল করার জন্য যে কাজ করছি তার প্রতিফলন এবং তার ব্যাপারে পুনরায় প্রতিশ্রুতি গ্রহণের একটি দিনে আজকের ইউনিটি সামিটে আমরা বিশ্বের নানা প্রান্ত থেকে নেতৃবৃন্দ, মানবাধিকার অ্যাডভোকেট, এবং সক্রিয়তাবাদী কর্মীদেরকে একত্রিত করেছি," **বলেন লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "যারা আরো ঐক্যবদ্ধ এবং সহনশীল স্টেট গঠন করছে সেইসব সম্প্রদায়ের অংশীদারদের জন্য এই তহবিলটি তহবিল নিয়ে আসবে ও তাদের সরাসরি সমর্থন করবে। ঘৃণা ও পক্ষপাত প্রতিরোধ ইউনিটের (Hate and Bias Prevention Unit) প্রধান হিসেবে দায়িত্ব পালন করতে পেরে এবং এই কাজ অগ্রসর হওয়ার তত্ত্বাবধান করতে পেরে আমি সম্মানিত বোধ করছি।"

ইউনিটি সামিটে তার বক্তব্যের সময় গভর্নর হোকল ঘোষণা করেন যে ঘৃণা অপরাধ ও ভ্যাডালিজমের উচ্চ ঝুঁকিতে থাকা সম্প্রদায়গুলিতে সেবাদানকারী সংগঠনসমূহকে সমর্থন করার জন্য 2024 অর্থবছরের বাজেটের মাধ্যমে 25 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করা হবে। দুঃস্থ স্থানে সংগঠনগুলি যাতে নিরাপত্তা ব্যবস্থা উন্নত করতে পারে এবং প্রশিক্ষণ, গণসচেতনতা ক্যাম্পেইন, এবং স্টেটব্যাপী অন্যান্য আউটরিচ প্রয়াস সমর্থন করতে পারে সে ব্যাপারে এই তহবিল সাহায্য করবে। 2024 সালের বাজেটে এছাড়াও ঘৃণা ও পক্ষপাত প্রতিরোধ ইউনিটের জন্য 3.5 মিলিয়ন মার্কিন ডলার তহবিল রয়েছে, ইউনিটটির কাজের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেটজুড়ে বিভিন্ন পক্ষপাত ও সমস্যা সমাধানের জন্য সমবেত হওয়া 10টি আঞ্চলিক পরিষদের মধ্যে সমন্বয় করা: 10টি আঞ্চলিক পরিষদের প্রত্যেকটি গঠিত হয়েছে এবং আসন্ন সপ্তাহগুলিতে বৈঠক শুরু করবে।

ইউনিটি সামিটে ছিলো সাবেক মার্কিন অ্যাটর্নি জেনারেল লোরেন্স লিঙ্কের মূল বক্তব্য। প্যানেলে রয়েছে "নিউ ইয়র্ক ঘৃণার দশা (The State of Hate in New York)", যেখানে স্টেট এজেন্সির নেতৃত্বদ্বারা ঘৃণা অপরাধের বিরুদ্ধে লড়াইয়ে নিজেদের প্রয়াস নিয়ে আলোচনা করে, "আমাদের সম্প্রদায়ে ঘৃণার সাদা দান ও প্রতিরোধ করতে একত্রে কাজ করা (Working Together To Address and Prevent Hate in Our Communities)", যেখানে ইলুদি, এশিয়ান আমেরিকান এবং প্যাসিফিক আইল্যান্ডার (Asian American and Pacific Islander, AAPI), মুসলিম, শিখ, লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার+ (LGBTQ+), হিস্প্যানিক এবং আফ্রিকান আমেরিকান সম্প্রদায়ের নেতৃত্বদ্বারা যোগ দেয়, এবং "কীভাবে ফেডারেল, স্টেট, এবং স্থানীয় স্টেকহোল্ডারগণ ঘৃণার সমাধান করে (How are Federal, State and Local Stakeholders Addressing Hate)।" দিনটি শেষ হয় লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডোর বক্তব্য দ্বারা, তিনি নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগের (New York State Division of Human Rights) অধীনে ঘৃণা ও পক্ষপাত প্রতিরোধ ইউনিটের নেতৃত্বদান করছেন।

দায়িত্ব গ্রহণের পর থেকে গভর্নর হোকল ঘৃণা অপরাধ এবং পক্ষপাতের মোকাবেলা করাকে অগ্রাধিকার প্রদান করেছেন। 2022 সালের ডিসেম্বর মাসে, গভর্নর হোকল মানবাধিকার বিভাগের নতুন ঘৃণা ও পক্ষপাত প্রতিরোধ ইউনিট উন্মোচন করেন। 2022 সালের নভেম্বর মাসে তিনি দুইটি নতুন আইনে সাক্ষর করেন যা ঘৃণা অপরাধের দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে এবং স্টেটব্যাপী নতুন বৈচিত্র্য ও সহনশীলতা ক্যাম্পেইন তৈরি করে। 2023 অর্থবছরের বাজেটে, গভর্নর হোকল জামিন আইনে উল্লেখযোগ্য পরিবর্তন করেন যার ফলে পুনরাবৃত্ত অপরাধ ও ঘৃণা অপরাধের জন্য গ্রেফতার যোগ্যতা ও জামিন যোগ্যতা সম্প্রসারিত করা যায়।

সম্পূর্ণ ইউনিটি সামিটটি দেখার জন্য এখানে উপলভ্য আছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418